গাংনীতে হত্যা মামলার দু’আসামী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামে সাইফুল ইসলাম হত্যা মামলার দু’আসামীকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার সকালে গাংনী থানা পুলিশের একটি টীম তাদেরকে গ্রেপ্তার করে। এরা হচ্ছেন-সাইফুল ইসলামের শশুর আতাহার আলী (৬০) ও শাশুড়ি আসমা খাতুন(৫৫)। পাঁচ দিনের রিমান্ড চেয়ে আসামীদ্বয়কে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।
গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, গত ৯ মার্চ পারিবারিক কলহের জের ধরে সাইফুল ও স্ত্রী রোজিনার মধ্যে কাটাকাটি ও মারধরের ঘটনা ঘটে। এরই জের ধরে রোজিনার বাবা মা সাইফুলকে একটি গাছের সাথে বেধে রাখে ও সাইফুলকে জোর পূর্বক কীটনাশক পান করানো হয়।
স্থানীয় বামন্দী ক্যাম্প পুলিশের একটি টীম সাইফুলকে উদ্ধার করে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করে। তার অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করলে গভীর রাতে সাইফুলের মৃত্যু ঘটে। এ ঘটনায় সাইফুলের বাবা ভাদু মণ্ডল বাদী হয়ে গাংনী থানায় একটি হত্যা মামলা দায়ের করেন । ওই মামলার আসামী হিসেবে শশুর আতাহার ও শাশুড়ি আসমাকে গ্রেপ্তার করা হয়।

মেহেরপুরে ময়লা আবর্জনা ও পয়:বর্জ্য থেকে তৈরি হবে জৈব সার

মেহেরপুর শহর এখন থেকে পরিস্কার থাকবে। কোন সড়কে, এমনকি কারো বাড়ির সামনে কোন ধরণের ময়লা আবর্জনা থাকবেনা। সেই সব ময়লা আবর্জনা পৌরসভার গাড়িতে করে নিয়ে এসে ফেলা হবে ডাম্পিংয়ে। বিশেষ

শৈলকুপায় প্রধানমন্ত্রীর উপহারের ঘরে মাদকসেবীদের আসর

বড় আশা করে প্রধানমন্তীর উপহারের ঘর পালাম, খুশিতে আত্মহারা হলাম কিন্ত এখন দিন কাটছে চরম নিরাপত্তাহীনতায় অশ্রুসজল চোখে এমনটাই বলছিলেন ঝিনাইদহের শৈলকুপার দুধসর গ্রামে অবস্থিত প্রধানমন্ত্রীর উপহারের ঘর পাওয়া চায়না বেগম। এই অবস্থা বিরাজ করছে চলতি বছরে দেওয়া প্রধানমন্ত্রী কার্যালয়ের ভ’মিহীন ও গৃহহীন প্রকল্পের বরাদ্দ পাওয়া ঘরগুলোতে।
সরেজমিনে দেখা যায়, সারি সারি দাড়িয়ে আছে প্রধানমন্ত্রীর দেওয়া উপহারের ১২টি ঘর। উপজেলা প্রশাসন কর্তৃক যাচাই বাছাই পূর্বক এই ঘরগুলো ১২টি অসহায় পরিবারের জন্য বরাদ্দ দেওয়া হয়। বর্তমান এখানে বসবাস করছে ৩টি পরিবার। আর অন্যান্য ঘরগুলো ফাকা পড়ে আছে অযত্ন ও অবহেলায়।
এইঘরে বসবাসকারী সীমা খাতুন বলেন, এখানে বসবাস করার মত কোন পরিবেশ নেই। সন্ধ্যা নামার সাথে সাথে এখানে গাঁজা ও ইয়াবা সেবন শুরু হয়ে যাই সেইসাথে চলে মাদক বেচাকেনা।আমরা চরম নিরাপত্তার অভাববোধ করছি। রাতে একটুও ঘুম আসে না ,সব সময় আতংকের মধ্যে আছি। আরেক বাসিন্দা খয়বার আলী বলেন, এখানে মাদকসেবীদের অত্যাচারে বসবাসের উপায় নেই। অনেকেই ঘর বরাদ্দ পেয়েও ভয়ে বসবাস করছে না। এব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা বলেন, প্রধানমন্ত্রীর উপহারের ঘরে মাদকসেবীদের আড্ডা এটা কোনভাবেই মেনে নেওয়া যাবে না। এর আগে আমি দুধসর ইউনিয়নের চেয়ারম্যানকে বলেছিলাম খোজ খবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য। ◌্ঈদের জন্য অনেকেই ঘরে উঠেনি তবে পর্যায়ক্রমে সবাই ঘরে উঠবে বলে আমি মনে করি। সবাইকে সাধ্যমত দেখভাল করা হবে কোন মাদকসেবীদের ছাড় দেওয়া হবে না।

কুষ্টিয়ায় করোনায় আরও ৯ জনের মৃত্যু, নতুন শনাক্ত ১৬৬

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে আরও ৯ জনের মৃত্যু হয়েছে।
এরমধ্যে ৮ জনের করোনা পজিটিভ ছিলো। আর উপসর্গ নিয়ে মারা গেছেন একজন।মঙ্গলবার (১০ আগস্ট) সকালে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডা. আব্দুল মোমেন এ তথ্য নিশ্চিত করেন।তিনি জানান, সোমবার (৯ আগস্ট) সকাল ৮টা থেকে মঙ্গলবার (১০ আগস্ট) সকাল ৮টা পর্যন্ত কুষ্টিয়া করোনা ডেডিকেটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এই ৯ জনের মৃত্যু হয়েছে। বর্তমানে হাসপাতালে ১৫৮ জন করোনায় আক্রান্ত রোগী ও ৪১ জন উপসর্গ নিয়ে মোট ১৯৯ জন ভর্তি রয়েছেন।পিসিআর ল্যাব ও জেলা সিভিল সার্জন অফিসের তথ্য মতে, গত ২৪ ঘণ্টায় জেলায় ৫৭২ জনের নমুনা পরীক্ষা করে ১৬৬ জনের করোনা শনাক্ত হয়েছে। শনাক্তের হার ২৯.০২ শতাংশ।

গাড়াবাড়ীয়া মধ্যেপাড়া জামে মসজিদের দুই তালা নির্মানের শুভ উদ্বোধন

গাড়াবাড়ীয়া মধ্যেপাড়া জামে মসজিদের দুই তালা নির্মান কাজের শুভ উদ্বোধন করেছেন আজ।

আজ মঙ্গলবার সকাল ৮.০০ সময় গাড়াবাড়ীয়া মধ্যেপাড়া জামে মসজিদের শুভ উদ্বোধন করলেন উক্ত মসজিদের প্রতিষ্ঠাতা সভাপতি ফজের মন্ডল। আরো উপস্থিত ছিলেন মসজিদ কমিটির সাধারন সম্পাদক হাফেজ উদ্দীন,উক্ত কমিটির ক্যাশিয়ার রকিবউদ্দীন, সহ সভাপতি আঃ সামাদ, হাফিজুল ইসলাম হাপু,ছাবদুল আলী,আঃ লতিব, বাবুল মিয়া,আলমগীর হোসেন, বিশিষ্ট ব্যাবসায়ী বি পি কর্পোরেশনের স্বত্বাধীকার সাজ্জাদ হুসাইন পলাশ,উপস্থিত ছিলেন মসজিদ কমিটির সাবেক ক্যাশিয়ার

ও একতলা মসজিদের নির্মাকাজের একমাত্র সূচনাকারী শফিকুল ইসলাম নেরু সহ সমাজের সকল প্রকার মানুষের উপস্থিতে আজকে দুইতলা মসজিদ নির্মানের শুভ উদ্বোধন করেন।

পরিশেষে মসজিদ কমিটির সকলে দোয়া চেয়েছেন যেন সুন্দর ও সুষ্ঠ ভাবে যেন এই মসজিদের দুই তলা নির্মান কাজ যেন সফল ভাবে শেষ করতে পারেন।

মেহেরপুরে নতুন করে আরও ৩৯ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৩৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১৭ জন, গাংনীতে ১১ জন, মুজিবনগর ১১ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৬৯ টি। তারমধ্যে ৩৯ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪৮২ জন। তার মধ্যে সদরে ১৫০ জন, গাংনীতে ২৩৮ জন এবং মুজিবনগরে ৯৪ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৫৮ জন । মৃতদের মধ্যে সদরে ৭০ জন, গাংনী ৫৩ জন ও মুজিবনগরে ৩৫ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে ইউএনও’র মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে কর্মরত বিভিন্ন মিডিয়ার সাংবাদিকদের সাথে সদ্য যোগদান কৃত উপজেলার নবাগত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ দেলোয়ার হোসেনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে উপজেলার নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় তিনি সাংবাদিকদের সমাজের দর্পন উল্লেখ করে দায়িত্ব পালনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

দেলোয়ার হোসেন সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের স্থলাভিষিক্ত হয়েছেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে অর্নাস মাষ্টারর্স ডিগ্রি অর্জন শেষে বিসিএস ৩৩ তম ব্যাচের প্রশাসনিক কর্মকর্তা হন।

এর আগে তিনি বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলায় দীর্ঘ ১ বছর ২৭ দিন নির্বাহী কর্মকর্তা হিসাবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। মুক্তিযোদ্ধা সন্তান দেলোয়ার হোসেন এর বাড়ি কুমিল্লা জেলায়।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সিনিয়র সাংবাদিক মোঃ নজরুল ইসলাম, কাজী মৃদুল, কামাল হাওলাদার, এসএম রায়হান উদ্দীন, মঈন উদ্দীন খাঁন, সুব্রত কুমার দাশ, অশোক দে সহ বিভিন্ন ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক।

আলমডাঙ্গায় ট্রেনে কাটা অজ্ঞাত যুবকের লাশ উদ্ধার

আলমডাঙ্গার রেল জগন্নাথপুরে ট্রেনে কেটে অজ্ঞাত এক যুবকের মৃত্যু হয়েছে। সোমবার সকাল ৯ টার দিকে জগন্নাথপুর চেংখালী মাঠ থেকে ওই যুবকের মরদেহ উদ্ধার করে রেলওয়ে পুলিশ। পরে মরদেহ ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠায়।

জানাগেছে, আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নের রেল জগন্নাথপুর গ্রামের চেংখালী মাঠে কয়েকজন কৃষক মাঠে যাচ্ছিলো।
সকালে স্থানীয় লোকজন রেল লাইনের উপরে দুই হাত বিচ্ছিন্ন রক্তাক্ত লাশ দেখতে পায়।

বিষয়টি এলাকাজুড়ে ছড়িয়ে পড়লে স্থানীয়রা চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশকে খরব দেয়। দুপুরে চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে ময়নাতদন্তের জন্য পাঠায়। তবে নিহত যুবকের পরিচয় জানতে পারেনি পুলিশ ও স্থানীয়রা ।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক নরেশ চন্দ্র দাস জানান, ভোরে খুলনা থেকে পোড়াদহগামী মালবাহী ট্রেনে কাটা পড়ে ওই যুবকের মৃত্যু হয়। পরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে মরদেহ উদ্ধার করা হয়েছে। তার নাম পরিচয় শনাক্ত করা যায়নি। মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

দামুড়হুদায় জাল টাকা তৈরি চক্রের ৩ সদস্য আটক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানার কুড়ুলগাছি গ্রামে অভিযানে জাল টাকা তৈরি চক্রের সদস্য, চাঁদাবাজ চক্রের হোতা, মাদক ব্যবসায়ী, পুলিশ পরিচয়ে ছিনতাইসহ এক ডজন মামলার ৩ চাঁদাবাজকে আটক করেছে পুলিশ।

আটককৃত হলো চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মতলেব হোসেনের ছেলে মো: মাসুদ রানা (৩৫), একই গ্রামের খোকার ছেলে মো: মানিক (২৫), আব্দুর রহিমের ছেলে আব্দুল আল মুবিন (২০)। গত রোববার রাতভর পুলিশ অভিযান চালিয়ে কুড়ুলগাছি মাঠ থেকে তাদের কে আটক করে।

এসময় তাদের কাছ থেকে উদ্ধার করে চাঁদার নগদ ১০ হাজার টাকা ও ২ টি মোবাইল। এ ব্যাপারে সোমবার সকালে দর্শনা থানায় একটি চাঁদাবাজি

মামলা দায়ের করা হয়েছে। দুপুরে আটককৃতদের চুয়াডাঙ্গা জেলাতে প্রেরণ করা হয়েছে।

এবিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান কাজল নিশ্চিত করে বলেন, দর্শনা থানার কুড়ুলগাছি গ্রামের সাইফুল ইসলামের স্ত্রী সাবিনা খাতুনকে মোবাইল ফোনে তার স্বামী সাইফুলকে হত্যার হুমকি দিয়ে নগদ ১ লাখ টাকা চাঁদা দাবি করে মাসুদ রানা ও তার সহযোগিরা।

নগদ ৩০ হাজার টাকা চাঁদা দিয়ে পরে সবিনা খাতুন কৌশলে চাঁদার আরও ১০ হাজার টাকা দেওয়ার জন্য মাসুদ রানাকে তার বসতবাড়িতে ডাকে। এসময় স্থানীয়দের সহযোগিতায় তাদেরকে আটক করার চেষ্টা করলে মনিক আটক হলেও বাকিরা পালিয়ে যেতে সক্ষম হয়।

ঘটনার পরই দর্শনা থানা পুলিশকে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মানিকের স্বীকারোক্তি অভিযান চালিয়ে জাল টাকার তৈরি চক্রের সদস্য, হত্যা, মাদক কারবারি, পুলিশ পরিচয় ছিনতাই মামলাসহ এক ডজন মামলার আসামি মাসুদ রানা ও আব্দুল আল মুবিন কে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গায় ১টি ইজিবাইকসহ আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্য গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের অভিযানে আন্তঃ জেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করা হয়েছে। এসময় চুরি হয়ে যাওয়া ১টি ইজিবাইক উদ্ধার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ। সোমবার দেড়টার চুয়াডাঙ্গা সদর থানায় এক সংবাদ সম্মেলনে ওই তথ্য জানান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফকরুল আলম খান।

সংবাদ সম্মেলনে তিনি জানান, গত রোববার রাতে গোপন সংবাদের ভিত্তিতে জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করা হয়। এসময় উদ্ধার করা হয় একটি

ইজিবাইক।

গ্রেফতারকৃতরা হলো- পঞ্চগড় জেলার তেঁতুলিয়া খেড়কিডাঙ্গী গ্রামের আবু শামার ছেলে রাজু আহমেদ (২৯), দামুড়হুদা উপজেলার শাহাপাড়ার তোফাজ্জেল হোসেনের ছেলে ফরিদ আলী (৩২), আলমডাঙ্গার আসাননগর গ্রামের মৃত নাসির উদ্দীনের ছেলে মানিক মিয়া (২১), চুয়াডাঙ্গা পৌর এলাকার আরামপাড়ার রিয়াজ উদ্দিনের ছেলে মুকুল উদ্দিন (২৮) ও সাতগাড়ী গ্রামের মৃত গহর আলীর ছেলে রশিদ খান (৪৫)। চক্রের বাকী সদস্যদের গ্রেফতার করতে অভিযান চালানো হচ্ছে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু জিহাদ ফখরুল আলম খান আরও বলেন, গত ২৫ জুলাই রাতে চুয়াডাঙ্গা সদর উপজেলার বোয়ালমারী গ্রামের দক্ষিণ পাড়ার মতিয়ার রহমানের ছেলে আরিফুল ইসলামের বাড়ি থেকে একটি নীল রঙের ইজিবাইক চুরি হয়।
চুয়াডাঙ্গা সদর থানার এসআই হাসানুজ্জামান ও এসআই আহসান চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে রোববার রাতে আন্তঃজেলা চোর চক্রের ৫ সদস্যকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের শিকারোক্তিতে সোমবার সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা পৌর এলাকার সিঅ্যান্ডবি পাড়া থেকে চুরি হওয়া ইজিবাইক উদ্ধার করা হয়।

ওসি আবু জিহাদ ফখরুল আলম খান আরও বলেন, এটা একটি সঙ্ঘবদ্ধ চোর চক্র। এই চক্রের বাকি সদস্যদের ধরতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মামলাসহ আদালতে পাঠানো হয়েছে।